



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



“প্রতিদিন ডিম খান সুস্থ থাকুন”



ডিম সংক্রান্ত বিষয়ে বিভ্রান্তি দূরীকরণে প্রাণিসম্পদ অধিদপ্তরের গণবিজ্ঞপ্তি

ডিম একটি উৎকৃষ্টমানের খাবার যা সহজলভ্য পুষ্টিমানে ভরপুর এবং দামে সাশ্রয়ী। ডিম দেশের আপামর জনসাধারণের প্রতিদিনের খাদ্য তালিকায় অপরিহার্য এবং অত্যাবশ্যিকীয় অংশ। এর রয়েছে বহুমুখী গুণাগুণ যেমন-ডিম হৃদরোগের সত্তাবনা কমায়, প্রসবজনিত সমস্যার ঝুঁকি কমায়, বয়স ধরে রাখে, ক্যান্সার সত্তাবনা কমায়, চোখ ও লিভার ভালো রাখে, ওজন কমায়, হজম ক্ষমতা বাড়ায়, শরীর সুস্থ রাখে এবং শরীরের হাড় ও দাঁত মজবুত করে। ইদনীং লক্ষ্য করা যাচ্ছে যে, বাজারে আসল ডিম এবং নকল ডিম সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ধরনের অপপ্রচার চালানো হচ্ছে, যার কারণে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। ফলশ্রুতিতে ডিম বাজারজাতকরণে নেতিবাচক প্রভাব লক্ষ্য করা যাচ্ছে। এসব অপপ্রচারের ফলে মানুষের মনে পুষ্টির অন্যতম উৎস ডিম সম্পর্কে ভ্রান্ত ধারণা তৈরি হচ্ছে এবং জনস্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব পড়ছে। অন্যদিকে দেশের পোল্ট্রি ও ডিম বিপণনে জড়িত ব্যবসায়ী ক্ষতির সম্মুখীন হচ্ছে যা কোন মতেই কাম্য নয়। দেশে স্বাস্থ্যসম্মত উপায়ে ডিমের উৎপাদন এবং বাজারজাতকরণ সম্পর্কে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সক্রিয় রয়েছে। জনসাধারণের অবগতির জন্য আরও জানাচ্ছে যে, যদি কোন ব্যক্তির নকল ডিম সম্পর্কিত অপপ্রচারে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায়, তাহলে নিরাপদ খাদ্য আইন ২০১৩ ধারা ৫৮ এর তফসিল ক্রমিক নং ১ এ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা (৫ বছর পর্যন্ত কারাদণ্ড অথবা ২০ লক্ষ টাকা জরিমানা অথবা উভয় দণ্ড) গ্রহণ করা হবে। স্বাস্থ্যসম্মত উপায়ে উৎপাদিত সহজলভ্য ডিম নিশ্চিন্তে খাওয়া এবং নির্ভয়ে এর বহুমুখী ব্যবহার করার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা হলো।



প্রচারে :

প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



জি-৮২৪/১৭ (৬'x৩)

সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার মিশুকে টিকা দিন।